**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা রেল স্টেশনকে বিশ্বমানের রেল স্টেশনে রূপান্তর করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে এন.এফ রেলওয়ে কর্তৃপক্ষকে পরামর্শ দেন ।**

**(২) পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আগরতলা থেকে বিভিন্ন রুটে বিমান ভাড়া নিয়ন্ত্রনের জন্য কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রাম মোহন নাইডু কিনজারাপুর হস্তক্ষেপ দাবি করেন।**

**(৩) রাষ্ট্রপতি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে নতুন পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকলকে পৃথিবীর জীববৈচিত্র্য রক্ষা ও সংরক্ষণের পুণরায় প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।**

**(৫) টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।**

*******************************************

**Courtesy Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা রেল স্টেশনকে বিশ্বমানের রেল স্টেশনে রূপান্তর করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে এন.এফ রেলওয়ে কর্তৃপক্ষকে পরামর্শ দেন। এনএফ রেলওয়ের জেনারেল ম্যানেজার (কনস্ট্রাকশন) অরুণ কুমার চৌধুরীর নেতৃত্বে এক প্রতিনিধিদল আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে রাজ্যের রেল পরিষেবা ও পরিকাঠামো উন্নয়নের বিষয়ে প্রতিনিধিদলটির সঙ্গে মুখ্যমন্ত্রীর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় রেল লাইনের

বৈদ্যুতিকরণের অগ্রগতি, বদরপুর থেকে সাব্রুম পর্যন্ত বৈদ্যুতিক যাত্রীবাহী ট্রেন চালু করা, সিঙ্গেল লাইন রেলওয়ে ট্র্যাককে ডাবল লাইন ট্র্যাকে রূপান্তর করা, আগরতলা-গুয়াহাটি ইন্টারসিটি রেল পরিষেবা চালু করা, ২৩টি রেলওয়ে ওভারব্রীজ তৈরির বর্তমান অবস্থা, রাজ্যের অমৃত ভারত রেলস্টেশনগুলিকে আধুনিকমানের রেল স্টেশনে পরিণত করার বিষয় নিয়ে আলোচনা হয়। তাছাড়া আগরতলা-জম্মু, আগরতলা-পুরী এবং আগরতলা-গয়া এক্সপ্রেস ট্রেন চালু, পেঁচারথল থেকে কৈলাসহর হয়ে ধর্মনগর পর্যন্ত বিকল্প রেল লাইনের ব্যবস্থা, জিরানীয়া রেল স্টেশন থেকে বোধজংনগর এবং আর.কে.নগর শিল্পনগরী পর্যন্ত রেল সংযোগ, সাব্রুম রেল স্টেশন থেকে সাব্রুম ইন্টিগ্রেটেড চেকপোস্ট পর্যন্ত রেললাইন স্থাপন, গুয়াহাটি থেকে আগরতলা পর্যন্ত বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালু সহ সেকেরকোটে ফুয়েল স্টোরেজ ডিপো নির্মাণের অগ্রগতি এবং আগরতলা-আখাউড়া রেল প্রকল্পের বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। মুখ্যমন্ত্রী বিভিন্ন স্টেশনগুলির পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

এন. এফ রেলওয়ের জেনারেল ম্যানেজার অরুণ কুমার চৌধুরী আজ সাব্রুম রেলওয়ে স্টেশন ও মৈত্রী সেতু পরিদর্শন করেন।

*****************************

**Sushanta Chowdhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আগরতলা থেকে বিভিন্ন রুটে বিমান ভাড়া নিয়ন্ত্রনের জন্য কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রাম মোহন নাইডু কিনজারাপুর হস্তক্ষেপ দাবি করেন। আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী কিনজারাপুর সঙ্গে সাক্ষাৎ করে শ্রী চৌধুরী এই দাবি জানান। তিনি আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে বিভিন্ন রুটে বিমান পরিষেবা চালু করার জন্য অনুরোধ জানান।

পর্যটনমন্ত্রী আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের সঙ্গেও সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে রাজ্যে পর্যটনের বিকাশে বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীকে বিস্তারিত অবহিত করা

হয়। তাছাড়া রাজ্যে পর্যটন বিকাশে ভবিষ্যত পরিকল্পনা নিয়ে পর্যটন মন্ত্রী শ্রী চৌধুরী কেন্দ্রীয় মন্ত্রীর হাতে ডি.পি.আর তুলে দেন।

******************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর ব্লক প্রাঙ্গণে পশ্চিম ত্রিপুরা জেলার এগ্রি ইঞ্জিনীয়ারিং ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার অফিসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, আধুনিক কৃষি যন্ত্রপাতি, উন্নতমানের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষি জমিতে অধিক ফসল উৎপাদনের জন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। এর মূল লক্ষ্য হচ্ছে কৃষকদের আয় দ্বিগুণ করা। অনুষ্ঠানে ভাষণ দেন কৃষি অধিকর্তা ফনীভূষণ জমাতিয়া।

****************************

**HS Exam :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষায় আজ বিজনেস স্টাডিস, এডুকেশন, ফিজিক্স, মাদ্রাসা ফাজিল আর্টসের এডুকেশন এবং মাদ্রাসা ফাজিল থিওলোজি'র ইসলামিক হিস্ট্রি পরীক্ষা গ্রহণ করা হয়। সবকটি পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। আজ পরীক্ষায় বসেছিল ১৮,৮৩২ জন পরীক্ষার্থী।

পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী আজ সোনামুড়া উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মেলাঘর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও নলছড় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষাস্থলগুলি পরিদর্শন করেন।

*****************************

**Ham Radio :**

বিপর্যয় মোকাবিলা বিষয়ে ঊনকোটি জেলার কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে আজ থেকে শুরু হয়েছে পাঁচ দিনের "হ্যাম রেডিও "প্রশিক্ষণ কর্মসূচি। মূলতঃ সম্ভাব্য বিপর্যয়কালীন সময়ে বেতারের মাধ্যমে

যোগাযোগ ইত্যাদি বিষয়ে এখানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সিভিল ভলান্টিয়ার্স, আপদামিত্র সরকারী আধিকারিক সহ ৫১ জন প্রশিক্ষণার্থী এই কর্মসূচিতে অংশ গ্রহণ করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারঘাটের মহকুমা শাসক এন.এস.চাকমা, বিপর্যয় মোকাবিলা বিষয়ক জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ, পুলিশ বেতারের ইন্সপেক্টর বিশ্বজিৎ সাহা, হাম রেডিও ক্লাবের কার্যকরী সদস্য প্রদীপ চন্দ্র কুন্ডু প্রমুখ।

*****************************

**Agri Minister-Rail Station :**

কৃষকদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির জন্য আজ থেকে নতুনদিল্লিতে ভারতীয় কৃষি গবেষনা প্রতিষ্ঠানের উদ্যোগে ১০ দিন ব্যাপী এক উন্নত প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়েছে। এই প্রশিক্ষণ কর্মসূচিতে ত্রিপুরা থেকে কৃষকদের ১০টি দল পাঠানো হবে। কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ বিকেলে আগরতলা রেলষ্টেশনে ২০ জন কৃষকের প্রথম দলের যাত্রার সূচনা করেন। তেজস রাজধানী এক্সপ্রেসে এই কৃষকরা আজ নয়াদিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**President AI :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে অষ্টম ভিজিটর অ্যাওয়ার্ড প্রদান করেন। অনুষ্ঠানে তিনি বলেন, দেশের বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের বৈশ্বিক মান অর্জনের সম্ভাবনা রয়েছে। তিনি দেশে গবেষণার আরও বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর জোর দেন। রাষ্ট্রপতি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে নতুন পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

########Byte-President#######

***********************************

**Wild Life Day :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে পৃথিবীর জীববৈচিত্র্য রক্ষা ও সংরক্ষণের জন্য পুণরায় প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ বিশ্ব বন্যপ্রাণী দিবস উপলক্ষে, শ্রী মোদী বলেন যে প্রতিটি প্রজাতিই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য তাদের ভবিষ্যৎ সুরক্ষিত করার গুরুত্ব তুলে ধরে। তিনি বন্যপ্রাণী সংরক্ষণ ও সুরক্ষায় ভারতের অবদানের জন্য গর্ব প্রকাশ করেন।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদবও বিশ্ব বন্যপ্রাণী দিবস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী যাদব বলেন যে প্রতিটি প্রজাতি পৃথিবীর বাস্তুতন্ত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং গ্রহের রক্ষক হিসেবে, ভবিষ্যৎ প্রজন্মের জন্য তাদের ভবিষ্যত নিশ্চিত করা প্রত্যেকের দায়িত্ব।

******************************

**Amit Shah :**

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন যে দুগ্ধ ক্ষেত্র কেবল দেশের উন্নয়নেই অবদান রাখে না বরং গ্রামীণ উন্নয়ন এবং ক্ষুদ্র কৃষকদের

সমৃদ্ধিতেও উল্লেখযোগ্য অবদান রাখে। নতুনদিল্লিতে দুগ্ধ ক্ষেত্রের সুস্থায়ী উন্নয়ন ও এর সম্প্রসার বিষয়ে “Workshop on Sustainability and Circularity in Dairy Sector” শীর্ষক কর্মশালার উদ্বোধন করে শ্রী শাহ বলেন, দুগ্ধ ক্ষেত্র দেশের পুষ্টিরও যোগান দেয়। তিনি বলেন, দুগ্ধ ক্ষেত্র নারীর ক্ষমতায়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে কারণ ৬২ শতাংশ মহিলা এর সঙ্গে যুক্ত। তিনি বলেন যে এই কর্মশালা শ্বেত বিপ্লব দ্বিতীয় পর্বের জন্য গুরুত্বপূর্ণ। শ্রী শাহ দেশের ৮০ শতাংশ জেলায় একটি দুগ্ধ ইউনিয়ন তৈরির প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।

######Byte-Amit Shah#######

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধ মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেন, গত দশ বছরে দেশে দুগ্ধ উৎপাদন ৬৩ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, দুগ্ধ ক্ষেত্র সংক্রান্ত এই কর্মশালার মূল লক্ষ্য হলো কৃষকদের আয় বৃদ্ধি করা।

******************************

**GMP-Killa :**

ত্রিপুরা রাজ্য গণমুক্তি পরিষদের পক্ষ থেকে আজ কিল্লায় এডিসি’র রাইয়াবাড়ী সাব জোনাল অফিসে ১৫ দফা দাবীতে গণডেপুটেশান প্রদান করা হয়। ডেপুটেশন শেষে আয়োজিত সভায় বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী গণমুক্তি পরিষদের রাজ্য সভাপতি নরেশ জমাতিয়া।

***************************

**World hearing Day-Gomati :**

আজ বিশ্ব শ্রবন দিবস। এই উপলক্ষ্যে আজ উদয়পুরে গোমতি জেলা হাসপাতালে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। দিবসটির তৎপর্য নিয়ে বক্তব্য রাখেন ডা: চিরঞ্জীব নোয়াতিয়া, সৌমিক চক্রবর্তী ও রানাময় দেব প্রমুখ। শিবিরে গোমতি জেলায় বধির শিশুদের মধ্যে বিনামূল্যে শ্রবন

যন্ত্র বিতরণ করা হয়। একইসঙ্গে ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালেও এই ধরণের শিবির অনুষ্ঠিত হয়।

******************************

**Super Division Cricket :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে আসরের শেষ ম্যাচে সংহতি ক্লাব এক রানে ব্লাডমাউথ ক্লাবকে হারিয়ে দেয়। ফলে উভয় দলের পয়েন্ট সমান হয়। শেষে রানের গড়ে এগিয়ে থেকে ব্লাডমাউথ ক্লাব খেতাব নিশ্চিত করে। দিনের অপর দুটি খেলায় নরসিংগড়ের টিআইটি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ১৩৪ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং মেলাঘরের মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ২ উইকেটে হার্ভে ক্লাবকে পরাজিত করে। আসরে সবকটি ম্যাচে হেরে ইউনাইটেড ফ্রেন্ডসের অবনমন হয়।

*********************************

**Sports Talent Search :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে সিপাহীজলা জেলাভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট সার্চ–২০২৫ আজ বিশালগড় ব্লকের রাস্তারমাথা খেলার মাঠে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। পৌরহিত্য করেন গকুলনগর গ্রামপঞ্চায়েতের প্রধান রিক্তা পাল মল্লিক। অনূর্ধ্ব ১০ এবং ১৪ বছর বয়সের ছেলেমেয়েরা খো খো, কবাডি, এথলেটিক্স এবং ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় জেলার ৩টি মহকুমা থেকে ৩১২ জন ছেলেমেয়ে অংশ নেয়।

***************************